



সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

ব্রাঞ্চেস কন্ট্রোল ডিভিশন
প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
ফোনঃ-৪৭১১৮৬৯৩(ডিজিএম),
৯৫৭৬১১৭,৯৫৮৫৩০৭(এজিএম)
E-mail:-dgmabcd@sonalibank.com.bd



দৃষ্ট শপথ সুজিব বর্ষে
আমরা যাবো সবার শীর্ষে

নং-প্রকা/বিসিডি/সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা/ ৬২৭

তারিখঃ- ২৫.০৩.২০২০

জেনারেল ম্যানেজার/কোম্পানী সেক্রেটারী/চীফ ফিন্যান্সিয়াল অফিসার/চীফ অডিট অফিসার

চীফ ইনফরমেশন টেকনোলজি অফিসার/

ডেপুটি জেনারেল ম্যানেজার /চীফ সিকিউরিটি অফিসার/ চীফ ইঞ্জিনিয়ার

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার

প্রধান কার্যালয়/ স্থানীয় কার্যালয়, ঢাকা/

বঙ্গবন্ধু এভিনিউ কর্পোরেট শাখা, ঢাকা/ রমনা কর্পোরেট শাখা,

সকল প্রিন্সিপাল অফিস/সকল কর্পোরেট শাখা/ সকল রিজিওনাল অফিস /স্টাফ কলেজ /সকল ট্রেনিং ইনস্টিটিউট

সকল শাখা, বাংলাদেশ/

কোলকাতা শাখা/শিলিগুড়ি শাখা, ভারত/

সোনালী ব্যাংক (ইউকে) লিমিটেড, ইউকে/

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনকর্পোরেটেড, ইউএসএ এবং

সোনালী ব্যাংক লিমিটেড এর সকল রিপ্রেজেন্টেটিভ অফিস।

বিষয়:- সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা-এর ২৪ মার্চ, ২০২০ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-০৬ মোতাবেক সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখার জন্য নিয়োক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত গৃহীত হয়:-

১. শুধুমাত্র নগদ টাকা জমা ও উত্তোলন এর জন্য অনলাইন সুবিধা সম্বলিত শাখাসমূহের ক্ষেত্রে গ্রাহকদের লেনদেনের সার্বিক সুবিধা নিশ্চিত করণার্থে শাখাসমূহের মধ্যে দূরত্ব বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় সংখ্যক শাখা খোলা রাখতে হবে;

২. অনলাইন সুবিধা বর্হিত শাখাসমূহ শুধুমাত্র নগদ জমা ও উত্তোলন এর জন্য খোলা থাকবে;

৩. শুধুমাত্র জরুরি বৈদেশিক লেনদেনের জন্য এডি শাখাসমূহ খোলা রাখা যাবে;

৪. উপরোক্ত সবক্ষেত্রে দৈনিক ব্যাংকিং লেনদেনের সময়সূচী হবে সকাল ১০.০০ ঘটিকা থেকে বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত। লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা এবং প্রধান কার্যালয়ের শুধুমাত্র সংশ্লিষ্ট বিভাগ দুপুর ১.৩০ ঘটিকা পর্যন্ত খোলা রাখা যাবে। এক্ষেত্রে ২২ মার্চ, ২০২০ তারিখের বিআরপিডি সার্কুলার নং- ০৫ এর নির্দেশনা অনুসারে সোস্যাল ডিসট্যান্সিং সংক্রান্ত WHO গাইডলাইনস যথাযথ পরিপালন ও রোস্টারিং এর মাধ্যমে প্রয়োজনীয় জনবল নিয়োজিত করে কার্যাবলী সম্পন্ন করতে হবে; এবং

৫. এটিএম কার্ডের মাধ্যমে লেনদেন চালু রাখার সুবিধার্থে এটিএম বুথগুলোতে পর্যাপ্ত নোট সরবরাহসহ সার্বক্ষণিক চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে প্রধান কার্যালয়ের নিয়োক্ত ডিভিশনসহ জেনারেল ম্যানেজার'স অফিস/প্রিন্সিপাল অফিস/রিজিওনাল অফিস এর সিদ্ধান্তক্রমে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণপূর্বক প্রয়োজন অনুসারে নিয়োক্ত হকে বর্ণিত ধরনের শাখাসমূহ খোলা রাখার নির্দেশনা প্রদান করা হলো:-

ক্রমিক নং	কার্যালয়/ডিভিশন/ শাখাসমূহের নাম
১.	স্থানীয় কার্যালয়সহ সকল কর্পোরেট শাখা, সকল এডি শাখা
২.	জেলা সদরের প্রধান শাখা (Main Branch) সমূহ, উপজেলা সদরের প্রধান শাখা (Main Branch)সমূহ।
৩.	সকল প্রাতিষ্ঠানিক শাখা, স্থল বন্দর, বিমান বন্দর ও নৌবন্দরস্থ শাখাসমূহ, কাস্টম হাউজ সংশ্লিষ্ট শাখাসমূহ
৪.	এটিএম বুথ সংশ্লিষ্ট শাখাসমূহ
৫.	ইন্টারন্যাশনাল ট্রেড ফাইন্যান্স ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা
৬.	ইনফরমেশন টেকনোলজি ডিভিশনসমূহ, প্রধান কার্যালয়, ঢাকা।
৭.	ট্রেজারী ম্যানেজমেন্ট ডিভিশন-১ ও ২, প্রধান কার্যালয়, ঢাকা
৮.	কার্ড ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা

প্রধান কার্যালয়ের ডিভিশনসমূহের ক্ষেত্রে জীদের স্থায়ী বিবেচনায় প্রয়োজনীয় সংখ্যক নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীবৃন্দের সমন্বয়ে রোস্টারিং পদ্ধতিতে দাপ্তরিক কার্যসমূহ সম্পাদন করবেন।

উল্লেখ্য, ছুটিকালীন সময়ে (২৯-০৩-২০২০ থেকে ০২-০৪-২০২০) কোন নির্বাহী/কর্মকর্তা/কর্মচারী কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীরেকে স্টেশন লীভ করতে পারবেন না।

আপনাদের বিশ্বস্ত,

(প্রতিভা রানী সরকার)

ডেপুটি জেনারেল ম্যানেজার।